Commission On
Human Rights

# NYC ফেয়ার চান্স হাউজিং নোটিশ: ক্রিমিনাল রেকর্ড

**<u>১ জানুয়ারি, ২০২৫ থেকে</u> থেকে নিউ ইয়র্ক সিটিতে (New York City, NYC) বেশির ভাগ হাউজিং প্রদানকারীর জন্য ভাড়া বা বিক্রির ক্ষেত্রে দোষী সাব্যস্ত হওয়ার ভিত্তিতে বৈষম্য করা অবৈধ হবে, এর মধ্যে কো-অপ এবং কন্ডো থাকবে।**

NYC Fair Chance Housing Law-এর সুরক্ষা বর্তমান ভাড়াটিয়া এবং সেই সাথে আবেদনকারীদের জন্যও প্রযোজ্য হবে।

| আওতাধীন হাউজিং প্রদানকারীদের জন্য যা আইন লঙ্ঘন করা হবে: | |
|---|---|
| ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড চেক বা ক্রিমিনাল রেকর্ড সম্পর্কে বিবৃতি দেওয়া বা বিজ্ঞাপন এবং আবেদনপত্রে এর ভিত্তিতে সীমাবদ্ধতা প্রকাশ করা | ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার ইতিহাসের উপর ভিত্তি করে আবেদনকারী বা ভাড়াটিয়ার সাথে অন্যরকম আচরণ করা যদি না তার জন্য Fair Chance Housing Law-এ অনুমতি দেওয়া থাকে। |

আওতাধীন হাউজিং প্রদানকারীরা একটি দোষী সাব্যস্ত হওয়ার ইতিহাসের কারণে একটি বিক্রি বা লীজের শর্ত **কখনোই** পরিবর্তন **করতে পারবে না**। আওতাধীন হাউজিং প্রদানকারীরা একটি হাউজিংয়ের দেওয়ার অফার ফেরত নিতে **পারবে** বা লীজ রিনিউ করতে অস্বীকার করতে **পারবে শুধু** সীমিত ধরণের দোষে দোষী সাব্যস্ত হওয়ার জন্য এবং **শুধু** যখন তারা Fair Chance Housing Law-এর আবশ্যিকতা মেনে চলবে।

**NYC Fair Chance Housing Law হাউজিং প্রদানকারীদের জন্য ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড চেক করা আবশ্যক করে না। যেকোনো হাউজিং প্রদানকারী নিচের ধাপগুলি না মেনে একজন ভাড়াটিয়া বা বিক্রেতাকে গ্রহণ করতে পারবে। নিচের ধাপগুলি শুধু আওতাধীন হাউজিং প্রদানকারীদের জন্য যারা একটি ব্যাকগ্রাউন্ড চেক করতে চায়।**

---

## যদি একজন আওতাধীন হাউজিং প্রদানকারী একটি ব্যাকগ্রাউন্ড চেক করতে চায় তাহলে: আপনার অধিকার আছে।

আওতাধীন হাউজিং প্রদানকারীদের **প্রথমে অবশ্যই** আপনার সাধারণ হাউজিংয়ের যোগ্যতা (লীজের শর্ত মানার ক্ষমতা) বিবেচনা করতে হবে এবং শর্তসাপেক্ষে একটি হাউজিংয়ের অফার দিতে হবে। এই শর্তসাপেক্ষের অফারের **পরেই শুধু** একজন আওতাধীন হাউজিং প্রদানকারীর জন্য ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড চেক করা বৈধ হবে।

একটি ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড চেক করার **আগে**, আওতাধীন হাউজিং প্রদানকারীদের অবশ্যই যা করতে হবে:

- আপনাকে একটি শর্তসাপেক্ষে হাউজিংয়ের অফার দিতে হবে এবং
- আপনাকে আপনার অধিকার ব্যাখ্যা করা এই নোটিশের একটি কপি দিতে হবে

এছাড়াও ব্যক্তিগত তথ্য সংগ্রহ ও ব্যবহারের নিয়ন্ত্রণ করা আইনকানুন মেনে চলাও হাউজিং প্রদানকারীর দায়িত্ব হবে, যেমন Federal and State Fair Credit Reporting Acts।

### শর্তসাপেক্ষে হাউজিংয়ের অফার

শর্তসাপেক্ষে একটি হাউজিংয়ের অফার হলো একটি **লিখিত লীজ, ভাড়ার চুক্তি, বা বিক্রির জন্য একটি চুক্তি** যা শর্তসাপেক্ষে একজন ভাড়াটিয়া বা ক্রেতাকে একটি ইউনিট দেওয়ার প্রতিশ্রুতি করে এবং সীমিত পরিস্থিতিতেই কেবল এটি ফেরত নেওয়া সম্ভব। এরপর একজন আওতাধীন হাউজিং প্রদানকারী যেকোনো একটি বেছে নিতে পারে:

| একটি ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড চেক না করা | একটি ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড চেক করা |
|---|---|
| এই সময়, হাউজিং প্রদানকারী হয় অফার চূড়ান্ত করতে পারে বা দোষী সাব্যস্ত হওয়ার ইতিহাসের সাথে সম্পর্কিত নয় এমন একটি বৈধ, বৈষম্যমূলক না এমন উদ্দেশ্যে এটি ফেরত নিতে পারে। | আপনাকে শর্তসাপেক্ষে একটি অফার দেওয়ার আগে আপনার দোষী সাব্যস্ত হওয়ার অপরাধের ইতিহাস দেখতে চাওয়া বা রিভিউ করতে চাওয়া হাউজিং প্রদানকারীর জন্য অবৈধ। |

## ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড চেক

একজন আওতাধীন হাউজিং প্রদানকারী যদি আপনাকে শর্তসাপেক্ষে একটি অফার দেওয়ার পর একটি ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড চেক করে, তাহলে তারা শুধু **খুব সীমিত** কিছু বিভাগে দোষী সাব্যস্ত হওয়ার ঘটনাকে বিবেচনা করতে পারবে:

- ব্যাকগ্রাউন্ড চেকের সময় পর্যন্ত এমন দোষী সাব্যস্ত হওয়ার ঘটনা যার জন্য সেক্স অফেন্স রেজিস্ট্রিতে নাম রেজিস্ট্রেশন করানো আবশ্যিক হবে
- গত ৫ বছরে ফেলোনি অপরাধে দোষী সাব্যস্ত হওয়া, যার ব্যতিক্রম নিচে দেওয়া আছে
- গত ৩ বছরে অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হওয়া, যার ব্যতিক্রম নিচে দেওয়া আছে

এই ৩ বা ৫ বছর **রিলিজের মূল তারিখ <u>বা</u> শাস্তি শুরুর তারিখের** (যদি শাস্তিতে জেল বা কারাগারে বন্দি থাকতে না হয়) থেকে গুনতে হবে, প্রবেশন বা প্যারোলের স্ট্যাটাস যাই হোক না কেনো।

একজন আওতাধীন হাউজিং প্রদানকারী **কখনোই** গ্রেফতার বা মীমাংসা না হওয়া মামলা বিবেচনা করতে পারবে না, বা:

- সীল করা, মুছে ফেলা, এবং একটি এক্সিকিউটিভ ক্ষমা বা ডিজেবিলিটির কারণে মুক্তির সার্টিফিকেটের অধীনে আছে, বা বৈধভাবে নালিফাই বা বাতিল হয়ে গেছে
- এমন লঙ্ঘনের জন্য দোষী সাব্যস্ত হওয়ার ঘটনা, যা হলো দেওয়ানি অপরাধ যেমন অসদাচরণ
- ফেডারেল আইন বা অন্য কোন স্টেটের আইনের অধীনে দোষী সাব্যস্ত হওয়া যা এমন রিপ্রোডাক্টিভ বা জেন্ডার অ্যাফার্মিং কেয়ারের সাথে সম্পর্কিত যা নিউ ইয়র্ক স্টেটে (New York State) বৈধ
- ফেডারেল আইন বা অন্য কোন স্টেটের আইনের অধীনে দোষী সাব্যস্ত হওয়া যা নিজের কাছে গাঁজা রাখার জন্য হয়েছে যেটিকে নিউ ইয়র্ক স্টেটে ফেলোনি হিসেবে গণ্য করা হয় না।
- ডিসমিস করে দেওয়া হতে পারে এমন বিবেচনা জন্য অ্যাডজর্নমেন্ট (Adjournments in Contemplation of Dismissal, ACDs)
- কমবয়সের অপরাধী হওয়ার কারণে অ্যাডজুডিকেশন বা জুভেনাইল অপরাধের কারণে
- ব্যক্তির পক্ষে টার্মিনেশন, যার মধ্যে অ্যাকুইটাল, আপিলের পর বদলে যায়, এবং এক্সনারেশন থাকতে পারে, কিন্তু এর মধ্যে সীমিত হবে না)
- ক্রিমিনাল ম্যাটার্সের ডিস্পোজিশন যা ফেডারেল আইন বা অন্য স্টেটের আইনের অধীনে হবে যা এই তালিকার বিষয়ের সাথে তুলনা করার যোগ্য।

একটি আওতাধীন হাউজিং প্রদানকারীর জন্য এইসব বিভাগে তথ্য বিবেচনা করা অবৈধ হবে। পাশাপাশি, হাউজিং প্রদানকারীদের বৈষম্যমূলক সিদ্ধান্তের জন্য ভাড়াটিয়ার স্ক্রিনিং কোম্পানিগুলিকে ফেডারেল ফেয়ার হাউজিং আইন গুলির অধীনে দায়বদ্ধ করা যেতে পারে।

---

## আপনার আবেদনের সমর্থন দেওয়ার অধিকার

শুধু রিভিউয়ের যোগ্য দোষী সাব্যস্ত হওয়ার ঘটনা বিবেচনা করার পর, একটি আওতাধীন হাউজিং প্রদানকারী যদি হাউজিংয়ের অফার ফেরত নিতে চায় তাহলে তাদের অবশ্যই **ফেয়ার চান্স হাউজিং প্রক্রিয়া মেনে চলতে হবে** এবং সেই সময় ইউনিটটি উপলভ্য রাখতে হবে। তাদেরকে অবশ্যই:

১. তাদের পাওয়া এবং/অথবা রিভিউ করা সকল ক্রিমিনাল ইতিহাসের তথ্যের কপি আপনাকে দিতে হবে
২ .আপনাকে ৫ কর্ম দিবস সময় দিতে হবে যাতে আপনি উত্তর দিতে পারেন:

- দোষী সাব্যস্ত হওয়ার ইতিহাসের ভুল চিহ্নিত করে দিয়ে
- বিবেচনা করা উচিত না এমন যেকোনো তথ্য সনাক্ত করে (বৈধভাবে রিভিউ করার যোগ্য দোষী সাব্যস্ত হওয়ার ঘটনার বাইরে যেকোনো তথ্য)
- আপনার ব্যাকগ্রাউন্ড, ব্যক্তিগত এবং পেশাদার রেফারেন্স, এবং/অথবা আপনার আবেদনকে সমর্থন করে এমন যেকোনো তথ্য শেয়ার করা।

এই পর্যায়ে আপনার আবেদনের সমর্থনে তথ্য দেওয়া আপনার জন্য আবশ্যিক না। আপনি সমর্থনকারী তথ্য না দিলেও একজন হাউজিং প্রদানকারীকে অবশ্যই একটি স্বতন্ত্র যাচাইয়ের কাজ সম্পূর্ণ করতে হবে।

---

## আপনার আবেদনের স্বতন্ত্র যাচাইয়ের অধিকার

**একজন আওতাধীন হাউজিং প্রদানকারীকে অবশ্যই রিভিউয়ের যোগ্য দোষী সাব্যস্ত হওয়ার ঘটনার, এবং সেই সাথে সময়মতো আপনার সাবমিট করা অন্য যেকোনো তথ্যের একটি স্বতন্ত্র যাচাই করতে হবে।**

| একজন আওতাধীন হাউজিং প্রদানকারী দুইটি **সীমিত পরিস্থিতি** ছাড়া অন্য কোনো কারণে একটি ক্রিমিনাল ব্যাকগ্রাউন্ড চেক করার পর শর্তসাপেক্ষে দেওয়া একটি হাউজিংয়ের অফার ফেরত নিতে পারবে না: | |
|---|---|
| একটি স্বতন্ত্র যাচাই করার পর যদি তারা লিখিতভাবে দুইটিই দেখতে পারে:<br>• একটি বৈধ ব্যবসায়িক স্বার্থ এবং<br>• সেই বৈধ ব্যবসায়িক স্বার্থটি কীভাবে আপনার ব্যক্তিগত ইতিহাসের সাথে লিঙ্ক করে। | তারা যদি *ক্রিমিনাল ইতিহাসের সাথে সম্পর্কিত নয় এমন নতুন তথ্য* দেখায় যা আপনার ভাড়ার জন্য যোগ্যতাকে প্রভাবিত করে এবং যা তারা আপনাকে শর্তসাপেক্ষে অফার দেওয়ার সময় জানতো না। |

## বৈধ ব্যবসার স্বার্থ

একজন আওতাধীন হাউজিং প্রদানকারীর বৈধ ব্যবসার স্বার্থকে অবশ্যই নির্দিষ্ট ও উদ্দেশ্যপূর্ণ হতে হবে একটি বিশেষ লীজের শর্ত মেনে চলা একটি অনুমোদিত বৈধ ব্যবসায়িক স্বার্থ। পুরোপুরি বৈষম্যমূলক মোটিভ, স্টিগমা, স্টেরিওটাইপ, বা অনুমান কখনোই একটি বৈধ ব্যবসায়িক স্বার্থ গঠন করতে পারে না।

একজন আওতাধীন হাউজিং প্রদানকারী যদি একটি বৈধ ব্যবসায়িক স্বার্থ দেখায় তাহলে তাদেরকে অবশ্যই শর্তসাপেক্ষে আপনাকে দেওয়া হাউজিংয়ের অফার ফেরত নেয়ার সিদ্ধান্তের ন্যায্যতা বোঝানোর জন্য আপনার দেওয়া স্বতন্ত্র তথ্যের আলোকে সেই স্বার্থ এবং আপনার নির্দিষ্ট ব্যক্তিগত ইতিহাসের মধ্যকার সংযোগটি ব্যাখ্যা করতে হবে **একটি দণ্ডের অস্তিত্ব একাই কখনও সেই সংযোগ তৈরি করে না।**

নিচের বিষয়গুলি বৈধ ব্যবসার স্বার্থ হবে না এবং একটি অফার ফেরত নেওয়ার জন্য কোনো হাউজিং প্রদানকারীর সিদ্ধান্ত ন্যায্য করার জন্য পর্যাপ্ত সংযোগ প্রতিষ্ঠা করে না:

- "আমি আইন শৃঙ্খলা রক্ষাকারীদের জন্য একটি হটস্পট বানাতে চাই না"
- "আবেদনকারী আরেকটি অপরাধ করতে পারে বলে মনে হচ্ছে এবং আমি ভাড়াটিয়াদের নিরাপদ রাখতে চাই"
- "এটি একটি পারিবারিক ভবন"
- "আমরা চাই না খারাপ মানুষেরা আশেপাশে থাকুক"
- "আমার ভাড়াটিয়ারা চায় না অপরাধীরা থাকুক"
- "আমার বীমার হার বেড়ে যাবে"
- "এটি আমার প্রোপার্টির দামকে প্রভাবিত করবে"

## হাউজিংয়ের একটি শর্তসাপেক্ষের অফার ফেরত নেওয়া

আপনার ক্রিমিনাল ইতিহাসের কারণে একটি শর্তসাপেক্ষের অফার ফেরত নেওয়ার আগে একজন আওতাধীন হাউজিং প্রদানকারীকে **অবশ্যই** নিচের ধাপগুলি পূরণ করতে হবে:

১. আপনার রিভিউয়ের যোগ্য দোষী সাব্যস্ত হবার ঘটনা **এবং** আপনার দেওয়া তথ্যকে স্বতন্ত্রভাবে যাচাই করা
২. এর পাওয়া এবং/বা রিভিউ করা সকল ডকুমেন্টের কপি দেওয়া
৩. আপনাকে একটি লিখিত বিবৃতি দেওয়া যেখানে ব্যাখ্যা করা থাকবে:
   - আপনার দোষী সাব্যস্ত হওয়ার ঘটনার ভিত্তিতে অফার ফেরত নেওয়ার সিদ্ধান্ত **এবং** একটি বৈধ ব্যবসার স্বার্থের সাথে লিঙ্ক
   - আপনার ব্যক্তিগত তথ্য এবং পরিস্থিতিকে বিবেচনা করা হয়েছিলো

---

## হাউজিং প্রদানকারীদের জন্য ব্যতিক্রম

- ২ বা তার কম রুম বা ইউনিটসহ হাউজিং প্রদানকারীর অবস্থান করা প্রোপার্টি NYC Fair Chance Housing Law-এর আওতায় থাকবে না।
- পাবলিক হাউজিং অথোরিটিসহ স্টেট বা ফেডারেলভাবে অর্থায়িত হাউজিং প্রদানকারীরা যাদের জন্য ক্রিমিনাল ইতিহাস সম্পর্কিত নির্দিষ্ট পদক্ষেপ নেওয়ার আবশ্যিকতা আছে বা অনুমতি আছে তারা এমন বিশেষ পদক্ষেপ **নিতে পারে** যদি তা NYC Fair Chance Housing Law লঙ্ঘন না করে।

---

NYC Fair Chance Housing Law-এর অধীনে ভাড়াটিয়া এবং ক্রেতার অধিকার এবং হাউজিং প্রদানকারীদের দায়িত্ব সম্পর্কে আরো তথ্যের জন্য, এবং এই নোটিশটি একের বেশি ভাষায় দেখার জন্য, NYC.gov/FairChanceHousing ভিজিট করুন।

**মনে রাখবেন:** হাউজিংয়ের ক্ষেত্রে প্রতিশোধের শিকার হওয়া থেকে মুক্ত থাকার অধিকার সকল নিউ ইয়র্কবাসীর আছে। NYC-তে হাউজিং প্রদানকারীর কাছে আপনার অধিকার সম্পর্কে বলার জন্য বা বৈষম্য বা হয়রানির রিপোর্ট করার জন্য আপনাকে শাস্তি দেওয়া বা আপনার সাথে মন্দ আচরণ করা তাদের জন্য অবৈধ।



**যোগাযোগ** 22 Reade Street, New York, NY 10007 212-416-0197 www.nyc.gov/HumanRights